

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯১০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

بَابُ الْإِفْلَاسِ وَالْإِنْظَارِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ أَخَذَ أَمْوَالَ النَّاسِ يُرِيدُ أَوْعَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّامُ عَنْهُ وَمَنْ أَخَذَ يُرِيدُ إِتْلَافَهَا أَتْلَفَهُ اللَّهُ عَلَيْهِ» . رَوَاهُ الْبُخَارِيُّ أَذَاءَهَا أَدَّى اللَّهُ عَلَيْهِ» . رَوَاهُ الْبُخَارِيُّ

#### বাংলা

২৯১০-[১২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক পরিশোধের নিয়্যাতে অপর লোকের মাল (ঋণরূপে) গ্রহণ করে, আল্লাহ তা'আলা তার ঋণ পরিশোধ করে দেন। আর যে লোক বিনষ্ট করার নিয়্যাতে ঋণদাতার মাল গ্রহণ করে আল্লাহ তা'আলা তাকে ধ্বংস করে দেন। (বুখারী)[1]

## ফটনোট

[1] সহীহ : বুখারী ২৩৮৭, ইবনু মাজাহ ২৪১১, আহমাদ ৮৭৩৩, সহীহ আল জামি' ৫৯৮০, সহীহ আত্ তারগীব ১৭৯৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনুল বাত্ত্বল (রহঃ) বলেনঃ এখানে অন্যের সম্পদ কুক্ষিগত না করা ও ঋণ উত্তমরূপে আদায় করার প্রতি উৎসাহ দেয়া হয়েছে। আর প্রতিদান দেয়া হবে 'আমলের ভিত্তিতে। 'আয়িশাহ্ (রাঃ)-এর বর্ণনা রয়েছে যে, বান্দার ঋণ পরিশোধে নিয়্যাত থাকলে আল্লাহ তা'আলা তাকে ঋণ পরিশোধে সাহায্য করবেন। তিনি বলেন, আমি সে সাহায্য অনুসন্ধান করতাম। (ফাতহুল বারী ৪র্থ খন্ড, হাঃ ২৩৮৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন